

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২৯

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ৩৪. কুরআন সমধ্র সূরে পাঠ করা

باب التَّغَنِّي بِالْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابٍ حَدَّثَنِي أَبُو سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ كَانَ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَأْذَنْ اللَّهُ لِشَيْءٍ مَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ كَانَ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَأْذَنْ اللَّهُ لِشَيْءٍ مَا أَذِنَ لِنَبِيِّ يَتَغَنَّى بِالْقُرْآنِ وَقَالَ صَاحِبٌ لَهُ زَادَ يَجْهَرُ بِهِ

বাংলা

৩৫২৯. আবৃ হুরাইরাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আল্লাহ তা'আলা অন্য কোন বিষয়ের প্রতি ঐরূপ কান লাগিয়ে শুনেন না, যেরূপ কান লাগিয়ে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামর সুমধুর স্বরে কুরআন পাঠ শুনেন।"[1] তার এক সাথী বলেন, এর অর্থ উচ্চ আওয়াজের সঙ্গে কুরআন পাঠ করা।

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সন্দ যয়ীফ্, তবে হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, ফাযাইলুল কুরআন নং ৫০২৩; মুসলিম, সালাতুল মুসাফিরীন ৭৯২।

আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৯৫৯; সহীহ ইবনু হিব্বান নং ৭৫১ ও মুসনাদুল হুমাইদী নং ৯৭৯ তে।

এছাড়াও, ; ইবন কাছীর , ফাযাইলুল কুরআন পূ, নং ১৭৯ সহীহ সনদে।

এটি গত হয়েছে এবং সামনেও আসছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন